# 9640 - চামড়ার মোজার উপর মাসহে করার শর্তাবলি

প্রশ্ন

চামড়ার মোজার উপর মাসহে করার শর্তগুলো কি কি? দলিলসহ?

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

চামড়ার মোজার উপর মাসহে করার জন্য শর্ত চারটি:

প্রথম শর্ত: পবিত্র অবস্থায় মোজাদ্বয় পরিধান করা। দলিল হচ্ছে মুগিরা বিন শু'বা (রাঃ)কে উদ্দেশ্যে করে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের বাণী: "মোজাদ্বয়কে রেখে দাও; কারণ আমি সে দুটো পবিত্র অবস্থায় পরিধান করেছি।"

দ্বিতীয় শর্ত: মোজাদ্বয় সেটা চামড়ার হোক কিংবা কাপড়ের হোক পবিত্র হতে হবে। নাপাক মোজার উপর মাসহে করা জায়েয নেই। দলিল হচ্ছে- একদিন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাঁর সাহাবীদেরকে নিয়ে জুতা পায়ে দিয়ে নামায আদায় করছিলেন। নামায আদায়কালে তিনি জুতাজোড়া খুলে ফেলেন এবং জানালেন যে, জিব্রাইল (আঃ) তাঁকে অবহিত করেছেন যে, জুতাদ্বয়ে নাপাকি আছে।[ইমাম আহমাদ তার মুসনাদ গ্রন্থে আবু সাঈদ খুদরি থেকে হাদিসটি বর্ণনা করেছেন। এর থেকে প্রমাণ পাওয়া যায় যে, নাপাক জিনিস নিয়ে নামায পড়া নাজায়েয। আর নাপাক জিনিস মাসহে করতে গেলে যেটা দিয়ে মাসহে করা হবে সেটোতে নাপাকি লেগে সেটোও নাপাক হয়ে যাবে। তাই সেটো নাপাক জিনিসকে পবিত্র করবে না।

তৃতীয় শর্ত: মোজাদ্বয় মাসহে করা যায় ছোট অপবিত্রতা থেকে পবিত্রতা অর্জন করার ক্ষেত্রে। জানাবাত বা যে কারণে গোসল ফরয হয় সে অপবিত্রতা থেকে পবিত্রতা অর্জনের ক্ষেত্রে মাসহে করা যায় না। দলিল হচ্ছে সাফওয়ান বিন আস্সালের (রাঃ) হাদিস: "রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমাদের নির্দেশ দিয়েছেন আমরা যখন সফরে থাকি তখন আমরা যেন তিনদিন তিনরাত জানাবাত ব্যতীত আমাদের মোজা না খুলি। অর্থাৎ পায়খানা, পেশাব বা ঘুমের কারণে যেন মোজা না খুলি।"[মুসনাদে আহমাদ গ্রন্থে সাফওয়ান বিন আস্সাল (রাঃ) থেকে বর্ণিত হয়েছে] এ হাদিসের দলিল থেকে জানা গেল ছোট অপবিত্রতার ক্ষেত্রে মাসহে চলে; বড় অপবিত্রতার ক্ষেত্রে নয়।

চতুর্থ শর্ত: শরিয়ত নির্ধারিত সময়সীমার মধ্যে মাসহে করতে হবে। সে সময়সীমা মুকীমের জন্য একদিন এক রাত। আর মুসাফিরের জন্য তিনদিন তিনরাত। দলিল হচ্ছে আলী বিন আবু তালেব (রাঃ) এর হাদিস তিনি বলেন: "নবী সাল্লাল্লাহু

আলাইহি ওয়া সাল্লাম মুকীমরে জন্য একদনি একরাত ও মুসাফরিরে জন্য তনিদনি তনিরাত নর্ধিারণ করছেনে; অর্থাৎ মোজার উপর মাসহে করার সময়কাল”[সহহি মুসলমি] এ সময়কাল শুরু হবে ওযু ভঙ্গ হওয়ার পর প্রথমবার মাসহে করা থকেে এবং শষে হবে মুকীমরে ক্ষত্রেে ২৪ ঘণ্টা পর। আর মুসাফরিরে ক্ষত্রেে ৭২ ঘণ্টা পর। যদি আমরা ধরে নইি য,ে এক লোক মঙ্গলবার ফজররে সময় ওযু করে ঐ দনি এশার নামায আদায় করা পর্যন্ত এ ওযুর উপর ছলি। রাতে ঘুময়িছে।ে বুধবার ভোরে ফজররে নামাযরে জন্য উঠে ঠকি ভোর পাঁচটায় মোজার উপর মাসহে করছে।ে এক্ষত্রেে তার মোজা মাসহে করার সময়কাল শুরু হবে বুধবার ভোর পাঁচটা এবং শষে হবে বৃহস্পতবিার ভোর পাঁচটা। যদি ধরা হয় য,ে বৃহস্পতবিার ভোর পাঁচটার আগে সে ব্যক্তি মোজার উপর মাসহে করছেে তাহলে সে ব্যক্তি যতক্ষণ পর্যন্ত পবত্রিতার উপর থাকবে ততক্ষণ পর্যন্ত এ ওযু দয়িে ফজররে নামায ও অন্যান্য নামায পড়া তার জন্য জায়যে। কনেনা আলমেদরে অগ্রগণ্য মতানুযায়ী, মাসহে করার সময় পূর্ণ হয়ে গলেওে তার ওযু ভাঙ্গবে না। কারণ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম পবত্রিতার জন্য কোন সময় নর্ধিারণ করনেন।ি তনিি মাসহে করার সময় নর্ধিারণ করছেনে। মাসহে করার সময় পূর্ণ হয়ে গলেে আর মাসহে করা যাবে না। কন্িতু কউে যদি মাসহে এর সময়কাল পূর্ণ হওয়ার সময় ওযু অবস্থায় থাকে তাহলে তার এ পবত্রিতা অব্যাহত থাকব;ে নষ্ট হবে না। কারণ এ পবত্রিতা একটি শরয়ি দললিরে ভত্তিতিে সাব্যস্ত হয়ছে।ে আর যা শরয়ি দললিরে মাধ্যমে সাব্যস্ত হয় সটো অন্য কোন শরয়ি দললি ছাড়া রহতি হবে না। অথচ মোজার উপর মাসহে করার সময়কাল পূর্ণ হয়ে গলেে ওযু ভঙ্গেে যাওয়ার পক্ষে কোন দললি নইে। যে কোন কছিু এর মূল বধিানরে উপর অটুট থাকে যতক্ষণ না মূল বধিান দূর হয়ে যাওয়ার পক্ষে কোন দললি পাওয়া যায়।

এগুলো হচ্ছে চামড়ার মোজার উপর মাসহে করার শর্ত। কোন কোন আলমে আরও কছিু শর্ত উল্লখে করে থাকনে। তব,ে সসেব শর্তরে কোন কোনটি আপত্তকির।